গ) "বল্লালী বালাই' এবং 'অক্রুর সংবাদ' — 'পথের পাঁচালী' উপন্যাসের অপরিহার্য অংশ নহে" — মন্তব্যটির যৌক্তিকতা বিচার করো।

ঘ) 'অমাবস্যার গান' উপন্যাসটি ঐতিহাসিক উপন্যাস হিসাবে কতখানি সার্থক হয়েছে তা বিচার করো।

---





# ২০২৪
# বাংলা
## (অনার্স)
(সি বি সি এস পদ্ধতি অনুযায়ী নতুন পাঠক্রম)

পঞ্চম সেমেস্টার

কোর্স কোড : BNGH-CC-T-11

(বাংলা উপন্যাস)

[ নতুন পাঠক্রম ]

পূর্ণমান : ৬০ সময় : ২.৩০ ঘণ্টা

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যা প্রশ্নমান নির্দেশক।

প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় হওয়া বাঞ্ছনীয়।

১। যে-কোনো **দশটি** প্রশ্নের উত্তর দাও : ২×১০=২০

ক) 'হাঁসুলী বাঁকের উপকথা' — উপন্যাসের পর্ব সংখ্যা কয়টি? উপন্যাসটি কাকে উৎসর্গ করা হয়?

খ) 'ইবারে যে পুজোটি গেল মুরুব্বি, তার পাঁঠাটি খুঁতো ছিলেন...।' — কে এই উক্তিটি করেছে? প্রসঙ্গ উল্লেখ করো।

গ) '— তুমিই ঘরের আসল গিন্নী, যেমন ছিলে, তেমনি রইলে, আটপৌরের মেয়ে ঘরে আসছে, ছেলেপুলে হবে, খাটবে-খুটবে খাবে। বুঝলে?...' — উদ্ধৃতিটি কার লেখা, কোন রচনার অংশ? কে, কাকে একথা বলেছে?

ঘ) 'আস্তাকুঁড়ের সে অন্ন তো আর তুলে নেবার উপায় নাই।' — একথা কে, কাকে বলেছে? 'আস্তাকুঁড়' কী?

ঙ) 'এঁটো ভাত খাবে না, নেমন্তন্ন চাই — জুতো না মেরে সব মাথায় উঠেছে।' — বক্তা কে? কোন প্রসঙ্গে একথা বলেছে?

চ) 'পথের পাঁচালী' উপন্যাসটি কোন পত্রিকায় প্রথম প্রকাশিত হয়? 'পথের পাঁচালী' উপন্যাসের পরিচ্ছেদ সংখ্যা কত?

ছ) 'সে তো অন্নদামঙ্গলে আছে...' — অন্নদামঙ্গল কী? কে রচনা করেন?

জ) 'কেন ভাই ওদের তাড়িয়ে দিলে তুমি হিংসুক কিন্তু সতুদা।' — বক্তা কে? উদ্ধৃতাংশটিতে কাদের তাড়িয়ে দেবার কথা বলা হয়েছে?

ঝ) 'আমি মরবার সময় বইখানা তোমাকে দিয়ে যাবো দাদু' — কে, কাকে উদ্দেশ্য করে একথা বলেছেন? বইখানির নাম কী?

ঞ) 'ধুলা ও মাকড়ার ঝুল মাখা হইলেও জিনিসটা কী বা তাহার ইতিহাস বুঝিতে তাহার বাকী রহিল না।' — বক্তা কে? কোন জিনিসের কী ইতিহাসের কথা বলা হয়েছে?

ট) 'অমাবস্যার গান' উপন্যাসটির পরিচ্ছেদ সংখ্যা কয়টি? উপন্যাসটি কাকে কেন্দ্র করে রচিত হয়েছে?

ঠ) 'তুমি মেয়ে মানুষেরও অধম।' মেয়ে মানুষের অধম কে? বক্তা কে?

ড) 'মৃত্যুভয়! আমি বাঘ না ভালুক?' — উদ্ধৃতাংশটি কার লেখা কোন রচনার অংশ?



ঢ) 'আমিই তোমার ধর্মের পথে কাঁটা দিয়েছি...' কে কীভাবে ধর্মের পথে কাঁটা দিয়েছে?

ণ) 'আমি শাক্ত না বৈষ্ণব নিজেই জানি না...' — কে, কাকে এই উক্তি করেছেন? কেন একথা বলেছেন?

২। যে-কোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০

ক) 'হাঁসুলি বাঁকের উপকথা' উপন্যাস অবলম্বনে করালী চরিত্রটির গুরুত্ব বিচার করো।

খ) 'উপকথার ছোটো নদীটি ইতিহাসের বড়ো নদীতে মিশে গেল'— 'হাঁসুলি বাঁকের উপকথা' উপন্যাস অবলম্বনে উক্তিটির তাৎপর্য ব্যাখ্যা করো।

গ) 'পথের পাঁচালী' উপন্যাসে 'ইন্দিরা ঠাকরুণ' চরিত্র সৃষ্টিতে বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়ের কৃতিত্বের পরিচয় দাও।

ঘ) 'পথের পাঁচালী' উপন্যাসে বিভূতিভূষণের নিসর্গ চেতনার যে পরিচয় মেলে — তার বিবরণ দাও।

ঙ) 'অমাবস্যার গান' উপন্যাস অবলম্বনে 'সৌদামিনী' চরিত্রটি বিশ্লেষণ করো।

চ) 'অমাবস্যার গান' উপন্যাসে সমকালীন দেশ-কাল-সমাজের যে প্রতিচ্ছবি ফুটে উঠেছে তার সংক্ষিপ্ত পরিচয় দাও।

৩। যে-কোনো **দু'টি** প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

ক) 'হাঁসুলী বাঁকের উপকথা' উপন্যাসটিতে প্রবীণ ও নবীনের দ্বন্দ্ব কীভাবে প্রকট হয়ে উঠেছে — তা বুঝিয়ে দাও।

খ) আঞ্চলিক উপন্যাস হিসাবে 'হাঁসুলী বাঁকের উপকথা' উপন্যাসের সার্থকতা বিচার করো।